



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

চসিকের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়ে ভ্রাম্যমান আদালত পরিচালিত

হোল্ডিং ট্যাক্স ও লাইসেন্স ফি'বাবদ প্রায় ১৯ লাখ টাকা আদায়

চট্টগ্রাম-১৬ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার রাজস্ব সার্কেল-৭ ও ৮ এর আওতাধীন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের লক্ষ্যে সার্কেল-৭ এর আওতাধীন উত্তর আখ্ৰাবাদ ও রামপুর এলাকায় হোল্ডিং ট্যাক্স বাবদ ১৩ লাখ ৭৬ হাজার ৫ শত ৮৮ টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ৭২ হাজার ৫ শত ১৫ টাকা এবং সার্কেল-৮ এর আওতাধীন দক্ষিণ হালিশহর এলাকায় ৩ লাখ ৭২ হাজার ৩ শত ৪৪ টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ৫৯ হাজার ৮ শত ৬০ টাকাসহ সর্বমোট হোল্ডিং ট্যাক্স বাবদ ১৭ লাখ ৪৮ হাজার ৯ শত ৩২ টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ১ লাখ ৩২ হাজার ৩ শত ৭৫ টাকা আদায় করা হয়। এছাড়াও উভয় অভিযানে ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা দায়ে ছয়টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়কল্পে এ অভিযান অব্যাহত থাকবে।

সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে পৃথক পৃথক ভাবে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

মেয়র সাথে মুক্তিযোদ্ধা

সংহতি পরিষদের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম ১৬ জুন'২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে মুক্তিযোদ্ধা সংহতি পরিষদের কেন্দ্রীয় ভারপ্রাপ্ত মহাসচিব বীর মুক্তিযোদ্ধা হাসান-উজ-জামানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ বুধবার চসিক অস্থায়ী নগর ভবনে মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। এ সময় মেয়র বলেন, বর্তমান মুক্তিযুদ্ধে স্বপক্ষের সরকার দেশের উন্নয়নের জন্য যে বিশাল কর্মযজ্ঞ সম্পন্ন করছে তাতে বাংলাদেশের বৈপ্লবিক উন্নয়ন সাধিত হচ্ছে। মুক্তিযোদ্ধারা জীবন বাজি রেখে নিজেদের আত্ম উৎসর্গ করেছেন বলেই আজ বিশ্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে স্থান পেতে সক্ষম হয়েছে। তিনি মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষা ও সঠিক ইতিহাস চর্চায় সবাইকে সচেতন থাকার আহ্বান জানান। সাক্ষাতকালে আরো উপস্থিত ছিলেন সাবেক কেন্দ্রীয় ছাত্রনেতা হামিদুল্লাহ দিপু, সংহতি পরিষদের নেতা মোয়াজ্জেম হোসেন, মো. ইলিয়াস ইকবাল প্রমুখ।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩